মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

নথি নং - বিদ্যালয় শাখা/JAMALPUR/110016/2500481 তারিখঃ ০৬-০৫-২০২৫

বিষয়ঃ **বিদ্যালয়ের স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তসমূহের অধীনে MADERGANJ A.M. PILOT HIGH SCHOOL কে ০১/০১/২০২৫ খ্রি. হতে ৩১/১২/২০২৭ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহঃ

১। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষক/শিক্ষিকাদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।
২। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্স্যুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
৩। একজন প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়ন সচেষ্ট হতে হবে।
৪। বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
৫। বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ৩,০০০/- (তিন হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
৬। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
৭। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
৮। পত্র জারীর পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে সরকারি/বেসরকারি হালনাগাদ অডিট প্রতিবেদন জমা দিতে হবে।

প্রাপকঃ প্রধান শিক্ষক
MADERGANJ A.M. PILOT HIGH SCHOOL.
MADARGANJ, JAMALPUR.

চেয়ারম্যানের আদেশক্রমে
স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

নথি নং - বিদ্যালয় শাখা/JAMALPUR/110016/2500481 (৭) তারিখঃ ০৬-০৫-২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। মহাপরিচালক, বেনবেইস নীলক্ষেত, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, JAMALPUR.
৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৬। জেলা শিক্ষা অফিসার, JAMALPUR.
৭। অফিস কপি।

০৬-০৫-২০২৫
বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- জে/৯৪/জামাল/ ২২৩৭ তারিখ ঃ ৬/৮/১৫

অফিস আদেশ

বিষয় ঃ **বিদ্যালয়ে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন **মাদারগঞ্জ** এ. এম. পাইলট উচ্চ বিদ্যালয়ে ০১/০১/২০১৫ তারিখ হতে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা খোলার অনুমতি প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ
এ. টি. এম. মইনুল হোসেন
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক ঃ **প্রধান শিক্ষক**
মাদারগঞ্জ এ. এম. পাইলট বিদ্যালয়,
পোঃ + উপজেলাঃ মাদারগঞ্জ,
জেলাঃ জামালপুর।

মেমো নং- ২২৩৭(৫) তারিখ ঃ ৬/৮/১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। পরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৪। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
৫। অফিস কপি।

04.08.15
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০৪/০৮/১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

তারিখঃ ৪/১০/২০১১

স্মারক নং ঃ ওএম-১৩৭-ম/১১/৫৫২৮

বিষয়ঃ **বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণী শাখা খোলার অনুমোদন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার নিম্নোক্ত শিক্ষা প্রতিষ্ঠানে অতিরিক্ত শ্রেণী শাখা খোলার অনুমোদনের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এবং সংশ্লিষ্ট শিক্ষা কমিটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন।

ক্রমিক	শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	পরিদর্শনকারী প্রতিষ্ঠানের নাম পরিদর্শণের তারিখ	পরিদর্শনকারী কর্মকর্তার সুপারিশের বর্ণনা	মাউশি অধিদপ্তরের সুপারিশ	মন্তব্য
ক.	মাদারগঞ্জ এ. এম পাইলট উচ্চ বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। তারিখঃ ২৮/০৭/১১	৬ষ্ঠ শ্রেণী থেকে ৮ম শ্রেণী পর্যন্ত 'খ' শাখা নামে প্রত্যেক শ্রেণীতে ০১টি করে মোট ০৩টি অতিরিক্ত শাখা।	৬ষ্ঠ ও ৭ম শ্রেণীতে 'খ' শাখা নামে প্রত্যেক শ্রেণীতে ০১টি করে মোট ০২ (দুই) টি অতিরিক্ত শাখা।	
		সদর শিক্ষা কমিটি, মাদারগঞ্জ, জামালপুর। তারিখঃ ১৬/০৬/১১	৬ষ্ঠ শ্রেণী থেকে ৮ম শ্রেণী পর্যন্ত 'খ' শাখা নামে প্রত্যেক শ্রেণীতে ০১টি করে মোট ০৩টি অতিরিক্ত শাখা।		

এমতাবস্থায় উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নামের পার্শ্বে বর্ণিত অতিরিক্ত শ্রেণী শাখা খোলার অনুমতি প্রদানের জন্য সুপারিশ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি :

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর প্রতিবেদন।
২। সংশ্লিষ্ট শিক্ষা কমিটির প্রতিবেদন।

(প্রফেসর মোঃ নোমান-উর রশীদ)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
ফোন-৯৫৫৩৫৪২

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।